

পাঠদান সম্প্রচারে টিভি চ্যানেল হবে

নিজস্ব প্রতিবেদক

১৬ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ জুলাই ২০১৯ ০০:১৪



নামি শিক্ষা প্রতিষ্ঠানের ভালো শিক্ষকদের পাঠদানের উপকারিতা অন্য প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে দিতে টেলিভিশন চ্যানেল খুলে সম্প্রচারের ভাবনা রয়েছে সরকারের। জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের দ্বিতীয় দিনে গতকাল সচিবালয়ে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কার্য অধিবেশনে এ ভাবনার কথা জানান

শিক্ষামন্ত্রী দীপু মনি।

শিক্ষামন্ত্রী বলেন, ডিসিদের একটা প্রস্তাব আছে তাদের অতিথি শিক্ষক হিসেবে বিভিন্ন জায়গায় নিয়ে যেতে। আমরা তাদের বলেছি, খুব কম খরচে টেলিভিশনের মাধ্যমে বিভিন্ন বিদ্যালয়ের ভালো শিক্ষকদের ভালো ভালো ক্লাসগুলো আমরা একেবারে প্রত্যন্ত অঞ্চলে একই সঙ্গে সব স্কুলে দেখাতে পারি। এ জন্য একটা শিক্ষা টিভি জাতীয় কোনো কিছু চিন্তা করা যায়। এতে সংশ্লিষ্ট সবাই উপকৃত হবে।

সব জায়গায় শিক্ষার মান উন্নয়নে কতকগুলো দক্ষতা অর্জন করা জরুরি জানিয়ে তিনি বলেন, বাংলা ও ইংরেজি পড়তে, লিখতে, বলতে ও শুনতে পারছে কিনা; গণিত, বিজ্ঞান, আইসিটি, মুক্তিযুদ্ধের ইতিহাসসহ সাধারণ যে দক্ষতা অর্জন করা দরকার সেটুকু তারা যেন শিখতে পারে। মূল্যবোধগুলো যেন প্রাথমিক থেকে শিক্ষার্থীদের মধ্যে প্রোথিত করা যায়, কোচিং বাণিজ্য বন্ধ করা, নোট বা গাইড বই যেন একেবারেই না থাকে, খেলার মাঠ যেন নষ্ট না হয়। এ বিষয়গুলো নিয়ে আমরা কথা বলেছি।

শিক্ষার্থীদের যৌন হয়রানির বিষয় সজাগ দৃষ্টি রাখতে ডিসিদের নির্দেশনা দেওয়া হয়েছে জানিয়ে দীপু মনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বত্র জনসচেতনতা সৃষ্টি করা, কারিগরি শিক্ষা নিয়ে দ্বিধাদ্বন্দ্ব দূর করে শিক্ষার্থীদের আকৃষ্ট করা, শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় জাতীয় সংগীত গাওয়া, জাতীয় পতাকা উত্তোলন করাসহ যত বিষয় শিক্ষার সঙ্গে সরাসরি সম্পৃক্ত, যেখানে ডিসিদের কাজ করার সুযোগ রয়েছে, সেসব বিষয়ে আমরা তাদের নির্দেশনা দিয়েছি।

advertisement